# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

**website:** www.bmeb.gov.bd **E-mail:** info@bmeb.gov.bd **Fax:** 58616681, 58617908, 9615576


নং-বামাশিবো/প্রশা/গাইবান্ধা-১৪৮/১৩২৯

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৯ / ৩০ আগস্ট ২০২২

বিষয় : অভিযোগ বিষয়ে কারণ দর্শানো প্রসঙ্গে

সূত্র : ১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড এর পত্র নং-বামাশিবো/প্রশা/২২৪২২১২১৭০৭১/৫৯৮৫৩/নথি নং -১৪৮; তারিখ: ১৬-০৫-২০২২ খ্রি:
২। উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা এর পত্র নং- ০৫.৫৫.৩২৯১.০১১.০২.০০৪.১৮.৫৫৭ তারিখ: ০৭ আগস্ট ২০২২ খ্রি:
৩। প্রিজাইডিং অফিসার এর ২৩.০৮.২০২২ খ্রি. তারিখের প্রত্যয়ন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন মরুয়াদহ এইচ এম কে দাখিল মাদ্রাসার অফিস সহকারী জনাব মো: গোলাম ফারুক এর বিরুদ্ধে ভারপ্রাপ্ত সুপার জনাব মো: চাঁদ মিয়া কর্তৃক ম্যানেজিং কমিটির সভাপতি নির্বাচনের রেজুলেশনে সভাপতির নাম পরিবর্তনসহ প্রিজাইডিং অফিসারের স্বাক্ষর জাল করে এবং গোপনে মাদ্রাসার পাসওয়ার্ড ব্যবহার করে কমিটি অনুমোদনের অভিযোগ করা হয়। উক্ত অভিযোগের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা-কে তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য পত্র দেয়া হলে সূত্রোক্ত ২ নং স্মারকে তিনি মতামতসহ প্রতিবেদন প্রেরণ করেন। তদন্তে আনীত অভিযোগ সমূহ প্রমাণিত হয় এবং প্রিজাইডিং অফিসার জনাব মো: বেলাল হোসেন, উপজেলা একাডেমিক সুপারভাইজার তার স্বাক্ষর জাল করা হয়েছে মর্মে সূত্রোক্ত ৩ নং স্মারকে প্রত্যয়ন করেন।

বর্ণিত অবস্থায় ভারপ্রাপ্ত সুপার কর্তৃক দায়েরকৃত অভিযোগ প্রমাণিত হওয়ায় ১ নং স্মারকে অনুমোদিত কমিটি কেন ভেঙ্গে দেয়া হবেনা তার সন্তোষজনক জবাব পত্র প্রাপ্তির ১০ (দশ) দিনের মধ্যে নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ( ) পাতা।

৩০.০৮.২০২২


মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd


সুপার/ভারপ্রাপ্ত সুপার,
মরুয়াদহ এইচ এম কে দাখিল মাদ্রাসা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা

৩০/০৮/২২

নং-বামাশিবো/প্রশা/গাইবান্ধা-১৪৮/১৩২৯

তারিখ: ১৫ ভাদ্র ১৪২৯ / ৩০ আগস্ট ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, গাইবান্ধা;
২. উপজেলা নির্বাহী অফিসার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা;
৩. জেলা শিক্ষা অফিসার, গাইবান্ধা;
৪. প্রিজাইডিং অফিসার, মো: বেলাল হোসেন, উপজেলা একাডেমিক সুপারভাইজার, সুন্দরগঞ্জ, গাইবান্ধা;
৫. সভাপতি (ম্যানেজিং কমিটি), মরুয়াদহ এইচ এম কে দাখিল মাদ্রাসা, সুন্দরগঞ্জ, গাইবান্ধা;
৪. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৫. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৬. অফিস কপি।


মো: ওমর ফারুক ৩০/৮/২২
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd


৩০/৮/২২